

আল-মুলক | Al-Mulk | اُلْمُلْك

আয়াতঃ ৬৭:৩

া আরবি মূল আয়াত:

الَّذِى خَلَقَ سَبِعَ سَمُوْتٍ طِبَاقًا اللَّهُ مَا تَرَى فِي خَلقِ الرَّحمٰنِ مِن تَفُوْتٍ الرَّحمٰنِ مِن قُطُورٍ ﴿٣﴾ تَفُوْتٍ البَصرَ هَل تَرَى مِن قُطُورٍ ﴿٣﴾

যিনি সাত আসমান স্তরে স্তরে সৃষ্টি করেছেন। পরম করুণাময়ের সৃষ্টিতে তুমি কোন অসামঞ্জস্য দেখতে পাবে না। তুমি আবার দৃষ্টি ফিরাও, কোন ক্রটি দেখতে পাও কি? — আল-বায়ান

যিনি সৃষ্টি করেছেন সাত আসমান- একটির উপর আরেকটি। তোমরা মহা দয়াময়ের সৃষ্টিকার্যে কোনরূপ অসামঞ্জস্য দেখতে পাবে না। তোমরা আবার দৃষ্টি ফিরিয়ে দেখ, কোন দোষ-ক্রটি দেখতে পাও কি? — তাইসিরুল তিনি সৃষ্টি করেছেন স্তরে স্তরে সপ্তাকাশ। দয়াময় আল্লাহর সৃষ্টিতে তুমি কোন খুঁত দেখতে পাবেনা; আবার দেখ, কোন ক্রটি দেখতে পাও কি? — মুজিবুর রহমান

[And] who created seven heavens in layers. You do not see in the creation of the Most Merciful any inconsistency. So return [your] vision [to the sky]; do you see any breaks? — Sahih International

- ৩. যিনি সৃষ্টি করেছেন স্তরে স্তরে সাত আসমান। রহমানের সৃষ্টিতে আপনি কোন খুঁত দেখতে পাবেন না; আপনি আবার তাকিয়ে দেখন, কোন ত্রুটি দেখতে পান কি?(১)
 - (১) মূল ব্যবহৃত শব্দটি হলো فطور যার অর্থ ফাটল, ছিদ্র, ছেড়া, ভাঙা-চোরা। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- (৩) তিনি সৃষ্টি করেছেন স্তরে স্তরে সাত আকাশ। দয়াময় আল্লাহর সৃষ্টিতে তুমি কোন খুঁত দেখতে পাবে না;[1] আবার তাকিয়ে দেখ, কোন ত্রুটি দেখতে পাচ্ছ কি?[2]
 - [1] অর্থাৎ, তাতে কোন অসামঞ্জস্য, কোন বক্রতা এবং কোন ক্রটি ও খুঁত নেই। বরং তাকে একেবারে সোজা ও সমতল বানানো হয়েছে; যা এ কথা প্রমাণ করে যে, এ সবের সৃষ্টিকর্তা হলেন কেবল একজন, একাধিক নয়।
 - [2] কখনো কখনো এমন হয় যে, দ্বিতীয়বার ভালভাবে লক্ষ্য করলে কোন ঘাটতি বা দোষ-ক্রটি পরিলক্ষিত হয়। তাই মহান আল্লাহ আহবান করছেন যে, তোমরা বারবার দৃষ্টিপাত করে দেখ, তাতে কোন ছিদ্র বা ফাটল পাও কি



hadithbd.com — কুরআন — আল-মুলক | Al-Mulk | اَلْمُلْك

না?

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5244

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন